

🗏 আল-ফুরকান | Al-Furqan | ٱلْفُرْقَان

আয়াতঃ ২৫: ১২

💵 আরবি মূল আয়াত:

إِذَا رَأَتِهُم مِّن مَّكَانٍ بَعِيدٍ سَمِعُوا لَهَا تَغَيُّظًا وَّ زَفِيرًا ﴿١٢﴾

দূর হতে আগুন যখন তাদেরকে দেখবে তখন তারা তার ক্রুদ্ধ গর্জন ও প্রচন্ড চিৎকার শুনতে পাবে। — আল-বায়ান আগুন যখন তাদেরকে বহু দূরবর্তী স্থান থেকে দেখবে, তখন তারা শুনতে পারে তার ক্রুদ্ধ গর্জন ও হুষ্কার। — তাইসিক্রল

দূর হতে আগুন যখন তাদেরকে দেখবে তখন তারা শুনতে পাবে ওর ক্রুদ্ধ গর্জন ও হুষ্কার। — মুজিবুর রহমান

When the Hellfire sees them from a distant place, they will hear its fury and roaring. — Sahih International

১২. দূর থেকে আগুন যখন তাদেরকে দেখবে তখন তারা শুনতে পাবে এর ক্রুদ্ধ গর্জন ও হুষ্কার।

তাফসীরে জাকারিয়া

(১২) দূর হতে (জাহান্নাম) যখন ওদেরকে দেখবে, তখন ওরা তার ক্রুদ্ধ গর্জন ও চিৎকার শুনতে পাবে।[1]

[1] অর্থাৎ, জাহায়াম কাফেরদেরকে দূর থেকে হাশরের মাঠে দেখেই রাগে জ্বলে উঠবে এবং তাদেরকে ক্রোধের বেষ্টনে নেওয়ার জন্য তর্জন-গর্জন করবে। যেমন, অন্যত্র বলা হয়েছে, ﴿يَفُورُ، تَكَادُ تَمَيَّزُ مِنَ الْفَيْظِ وَهِي ﴿ وَهِي ﴾ অর্থাৎ, যখন তারা তাতে নিক্ষিপ্ত হবে, তখন জাহায়ামের গর্জন শুনবে, আর তা (ক্রোধে) উদ্বেলিত হবে। রোষে জাহায়াম যেন ফেটে পড়বে। (সূরা মুলক ৭-৮ আয়াত) জাহায়ামের দেখা, গর্জন করা এক বাস্তব সত্য ব্যাপার। কোন রূপক বর্ণনা নয়। আল্লাহর জন্য জাহায়ামের বোধশত্তি ও অনুভব করার ক্ষমতা সৃষ্টি করা কঠিন নয়। তিনি যা ইচ্ছা তাই করতে পারেন। তিনি তাকে বাকশক্তি দান করবেন এবং সে আল্লাহর ﴿ مَلْ مِن مَّزِيدٍ } (তুমি কি পূর্ণ হয়ে গেছ?) এর উত্তরে ﴿ مَلْ مِن مَّزِيدٍ } (আরো আছে কি?) বলবে। (সূরা কাফ ৩০ আয়াত)

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2867

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন